অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/3/2019 গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

ক্ষতিকর শ্যাওলা ফোটার মোকাবিলায় উদ্ভাবনী পাইলট প্রকল্প চালু করার ঘোষণা করেছেন গভর্নর কুওমো

মোবাইল হার্ভেস্টর সিস্টেম পানি থেকে শ্যাওলা আলাদা করে, হ্রদে বিশুদ্ধ পানি ফিরিয়ে দেয় - যদি আগাওয়াম লেক পাইলট সফল প্রমাণিত হয়, তাহলে রাজ্য জুড়ে হার্ভেস্টর প্রয়োগ করা হবে

গভর্নরের 82 মিলিয়ন মার্কিন ডলারের ব্যাপক ক্ষতিকারক শ্যাওলা ফোটা - বা HAB সমূহ - রাজ্যব্যাপী উদ্যোগের অংশ

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ একটি উদ্ভাবনী নতুন পাইলট প্রকল্প চালু করার কথা ঘোষণা করেছেন ক্ষতিকারক শ্যাওলা ফোটার - বা HAB - সাথে লড়াই করার জন্য এবং সাউদাম্পটন গ্রামের আগাওয়াম হ্রদে বিশুদ্ধ পানি ফিরিয়ে দিতে। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) এবং জেনারেল সার্ভিসেস (Office of General Services, OGS) দফতরের দ্বারা এই পাইলট পরিচালিত সাউদাম্পটন গ্রামের সাথে অংশিদারিত্বে। এই পাইলট প্রজেক্ট রাজ্যের 82 মিলিয়ন মার্কিন ডলারের একটি উদ্যোগের অংশ, যার উদ্দেশ্য নিউ ইয়র্কের জলাশয়গুলিতে HAB এর প্রতি সাড়া দেওয়া এবং তা প্রতিরোধ করা। আগাওয়াম হ্রদের পাইলট যদি সফল হয়, তাহলে তা রাজ্য জুড়ে প্রয়োগ ক্রয়া হবে। গভর্নর রাজ্য অর্থায়নে 65 মিলিয়ন মার্কিন ডলার নিয়ে HAB উদ্যোগ শুরু করেছিলেন 2018 সালে।

"নিউ ইয়র্কের পানির গুণমান রক্ষা একটি শীর্ষ অগ্রাধিকার এবং আমরা দ্রুত এবং কার্যকরভাবে ক্ষতিকারক শ্যাওলা ফোটার প্রতি সাড়া দিয়ে জনগোষ্ঠীগুলিকে সরাসরি সহায়তা প্রদান করছি", **গভর্নর কুওমো বলেন।** "আমরা নতুন আর উদ্ভাবনী সরঞ্জাম, যেমন HAB হার্ভেস্টর, মোতায়েন করছি আগাওয়াম হ্রদে শ্যাওলা ফোটার মোকাবিলা করতে, এবং এই সব ফোটাগুলি পুরোপুরি নির্মূল করার জন্য সর্বাধুনিক প্রযুক্তির অন্বেষণ চালিয়ে যাবো এবং রাজ্যের চারপাশের জলাশয়গুলিকে পরিচ্ছন্ন ও নিরাপদ রাখবো। যদি এই পাইলট কাজ করে, তাহলে আমরা তা স্কেল পর্যন্ত নিয়ে আসব এবং রাজ্য জুড়ে যেখানে সম্ভব সেখানে প্রয়োগ করব।"

মোবাইল অ্যালগি হারভেস্টর পানি থেকে অ্যালগি ও অন্যান্য পদার্থ আলাদা করবে এবং এর ফলে সৃষ্ট পরিশোধিত এবং উন্নত পানি হ্রদের জলে ফেরত পাঠাবে HAB হ্রাস করতে। অ্যালগি হার্ভেস্টর এমন প্রযুক্তি ব্যবহার করে যা প্রায়ই পানীয় পানির প্ল্যান্টে কাজে লাগানো হয় ।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমনেটাল কনজারভেশনের (DEC) কমিশনার বেসিল সেগোস বলেন, "গভর্নর কুওমোর নির্দেশে, DEC বিজ্ঞানী এবং পানির গুণমান বিশেষজ্ঞরা, এবং আমাদের রাজ্য এবং স্থানীয় অংশীদাররা, রাজ্য জুড়ে শ্যাওলা ফোটার কারণ তদন্ত করছেন এবং এই ফোটার প্রতি সাড়া দেওয়ার জন্য এবং সেগুলি যে বিপদ নিয়ে আসে নিউ ইয়র্কের জলাশয়গুলির উপর তার জন্য নতুন পদ্ধতির সর্বাধুনিক প্রযুক্তির সমাধান প্রদান করছেন। আজকের আগাওয়ামি হ্রদের এই নতুন পাইলট প্রকল্পের উদ্বোধন নিউ ইয়র্কের এই সম্ভাব্য বিষাক্ত শ্যাওলা ফোটার মোকাবেলার প্রচেষ্টাকে অগ্রসর করবে।"

জেনারেল সার্ভিসেস কমিশনারের অফিস, রোঅ্যান ডেসটিটো বলেন, "রাজ্যের জলের গুণমান নিয়ে দীর্ঘমেয়াদি নিরাপত্তার বিষয়টিকে অগ্রাধিকার দিচ্ছেন গভর্নর কুওমো। DEC, OGS এর সাথে অংশিদারিত্ব এই পাইলট প্রোগ্রামকে চুক্তিভিত্তিক, প্রযুক্তিগত এবং প্রশাসনিক সহায়তা প্রদান করছে, যা আমাদের জলাশয়ে অবিরত শ্যাওলা ফোটার মোকাবিলা করার জন্য প্রস্তুত করা হয়েছে। এই ধরনের উদ্ভাবনী প্রোগ্রাম প্রবর্তন করলে তা আমাদের জলাশয়গুলিতে টেকসই সমাধান নিয়ে আসতে সাহায্য করবে।"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোন বলেন, "দ্বীপ হিসেবে পানি আমাদের অন্যতম মূল্যবান সম্পদ, কিন্তু ক্ষতিকর শ্যাওলা ফোটা আমাদের জীবনযাত্রাকে বিপন্ন করছে। গভর্নর কুওমোর ঐতিহাসিক বিনিয়োগকে ধন্যবাদ, আমরা আর এই কঠিন পরিস্থিতির মোকাবিলা করাকে এড়িয়ে জাচ্ছি না, আর এই নতুন বিস্তৃত প্রোগ্রাম চালু করা প্রজন্মের পর প্রজন্ম বিশুদ্ধ পানি উপলব্ধ থাকবে নিশ্চিত করতে সাহায্য করবে।"

সাফোক কাউন্টির আইনপ্রণেতা ব্রিজেট ফ্লেমিং, যার সাউথ ফোর্ক জেলার মধ্যে রয়েছে সাউদাম্পটন, বলেন, "আমাদের অঞ্চলব্যাপী জলপথ একটি সংকটময় অবস্থায় আছে আর আগাওয়াম হ্রদের উন্নতি সাউদ্যাম্পটন গ্রামের অর্থনীতি এবং জীবনযাত্রার মানের জন্য অপরিহার্য। DEC-র স্থাপন করা নীল-সবুজ পিগমেন্টের মানের বহু হাজার গুণ বেশি শ্যাওলা ফোটা নিবন্ধিত হয়েছে এই হ্রদে, যা সাউদ্যাম্পটন গ্রামের প্রধান দর্শনীয় স্থান। এই টক্সিনগুলো পার্শ্ববর্তী জনগোষ্ঠীর কাছে একটি সর্বজনীন স্বাস্থ্য ও নিরাপত্তার ঝুঁকি এবং আমাদের পর্যটন ভিত্তিক অর্থনীতিকে নেতিবাচকভাবে প্রভাবিত করে। নতুন প্রযুক্তির সাহায্যে লেক আগাওয়ামের অবস্থার উন্নতিতে বিনিয়োগকে আমি পুরোপুরি সমর্থন করি।"

সাউদ্যাম্পটনের মেয়র জেসি ওয়ারেন বলেন, "আমরা গভর্নর কুওমোর সাথে অংশীদারিত্ব করতে পেরে উৎফুল্ল, যিনি ক্ষতিকারক শ্যাওলা ফোটার বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ায় নেতৃত্ব দিচ্ছেন এবং যিনি এক অভূতপূর্ব উপায়ে আমাদের লেক আগাওয়ামকে পরিষ্কার করতে সাহায্য করবেন। শ্যাওলা ফোটা আমাদের জলাশয়গুলির জন্য এবং আমাদের বাসিন্দাদের স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক। এই উদ্ভাবনী জবাব বিষয়টিকে সরাসরি আক্রমণ করে। আমরা গভর্নর কুওমোর সাথে সরাসরি কাজ করতে পেরে গর্বিত, যখন আমরা নতুন প্রযুক্তিতে বিনিয়োগ করি যা আমাদের প্রিয় জলাশয়গুলিকে রক্ষা করে এবং বহু বছরের জন্য লং আইল্যান্ডকে অগ্রসর করে।"

DCS আমেরিকাস (DCS Americas), AECOM এর ভাইস প্রেসিডেন্ট, পরিবেশ, ড্যানিয়েল লেভি বলেন, "মার্কিন যুক্তরাষ্ট্র জুড়ে জলপথে বিষাক্ত শ্যাওলা একটি ক্রমবর্ধমান সমস্যা যা জনগোষ্ঠীগুলি উপর উপদ্রবের কারন হয়ে থাকবে উপকূল থেকে উপকূল পর্যন্ত। লেক আগাওয়ামে আমাদের পাইলট প্রোগ্রাম অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করবে, HAB সরাতে সাহায্য করার জন্য যখন সেগুলি ঘটে এবং হ্রদে পরিপোষক পদার্থের ঘনত্ব কমিয়ে আনার জন্য সাহায্য করতে পারে।"

সাউদ্যাম্পটন গ্রামে একটি নৈসর্গিক বিনোদনমূলক পার্ক শ্যাওলা ফোটায় আক্রান্ত যা হ্রদের পানির গুনমান বিপন্ন করেছে। অন্তত 2013 সাল থেকে প্রতি বছর এই হ্রদে HAB এর খবর পাওয়া গেছে। অন্য রাজ্যে সফলভাবে ব্যবহার করা এই অ্যালগি হার্ভেস্টর নিউ ইয়র্কে পাইলট করা হচ্ছে দেখার জন্য যে তা হ্রদ থেকে শ্যাওলা সরাতে সাহায্য করতে পারে কিনা। আগাওয়াম লেক পার্কে সাময়িকভাবে অ্যালগি হার্ভেস্টরটি ইন্সটল করা হবে এবং দুই সপ্তাহের মধ্যে সেটি কাজ করতে শুরু করবে বলে আশা করা হয়। DEC পাইলট প্রকল্প পরিচালনা করার সময় হ্রদের পানির নমুনা সংগ্রহ করবে এবং খুব ঘনিষ্ঠভাবে হ্রদটিকে পর্যবেক্ষণ করবে।

নিউ ইয়র্কের HAB প্রোগ্রাম এবং HAB এর সাথে লড়াই করার জন্য গভর্নরের উদ্যোগ সম্পর্কে তথ্য

বেশির ভাগ শ্যাওলার ফোটা ক্ষতিকর হয় না। কিন্তু, নির্দিষ্ট কিছু HAB এর টক্সিন এবং অন্যান্য পদার্থের সংস্পর্শে এলে তা মানুষ এবং পশুদের অসুস্থ করে তুলতে পারে। HAB এর ক্রমবর্ধমান ফ্রিকোয়েন্সি এবং সময়কাল বাস্তুতন্ত্রের স্বাস্থ্য ও রাজ্য ব্যাপী পর্যটনের জন্য অপরিহার্য পানির গুণমান ও বিনোদনমূলক ব্যবহারকে বিপন্ন করে। 2012 সাল থেকে 400টিরও বেশি জলাশয়ে HAB সনাক্ত করা গেছে। HAB এর সাস্থে মোকাবিলা করতে DEC রাজ্য স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH), OGS, অফিস অফ পার্ক্স, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ (Office of Parks, Recreation and Historic Preservation), এবং অন্যান্য রাজ্য এবং স্থানীয় অংশীদারদের সাথে কাজ করে। DEC এবং DOH দেশের সব চেয়ে ব্যাপক HAB পর্যবেক্ষণ এবং রিপর্টিং প্রোগ্রামের নেতৃত্ব দিয়ে চলেছে। DEC, DOH, স্টেট পার্কস, একাডেমিক প্রতিষ্ঠান এবং স্বেচ্ছাসেবক মনিটরিং অংশীদারিত্বের মাধ্যমে কয়েকশ জলাশয়ের বার্ষিক পর্যবেক্ষণ করা হয়। উপরন্তু, DOH এর জনস্বাস্থ্য সুরক্ষার মধ্যে আছে নিয়ন্ত্রিত সৈকত এবং সরকারী পানি সিস্টেমের তত্বাবধান।

গভর্নর কুওমোর নির্দেশনায়, DEC এবং DOH একটি মাল্টি-এজেন্সি, রাজ্যব্যাপী আক্রমণাত্মকভাবে HAB এর সাথে লড়াই করার এবং পানীয় পানির মান ও অর্থনীতি সুরক্ষিত রাখার এক উদ্যোগের যার বিরুদ্ধে যুদ্ধ এবং পানীয় জলের গুণমান এবং অর্থনীতিকে রক্ষা করার জন্য ব্যাপক উদ্যোগের নেতৃত্ব দিচ্ছে। 2018 সালে চারটি সামিট জাতীয়, রাজ্য, এবং স্থানীয় বিশেষজ্ঞদের একত্র করে কিভাবে এই ফোটা কমানো যায় তা নিয়ে আলোচনা করার জন্য। গভর্নর কুওমোর 2018 সালের স্টেট অফ দ্য স্টেট ঘোষণার পর, রাজ্য সংস্থাগুলো HAB এর দ্বারা ক্ষতিগ্রস্ত জলাশয়ের পুষ্টি জাতীয় দূষণের মোকাবেলা করার জন্য 82 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করেছে প্রতিযোগিতামূলক অনুদান হিসেবে। এই তহবিল একটি বহু-বছরের HAB গবেষণা, উন্নত পর্যবেক্ষণ, এবং পাইলট

প্রোগ্রামসমূহ যা 2018 সালে শুরু হয়েছিল আনুমানিক 11 মিলিয়ন মার্কিন ডলার দিয়ে, তার ওপরে প্রদান করা হয়। এই ব্যয়ের মধ্যে দৈনন্দিন পানীয় পানির গুণমান পর্যবেক্ষণ এবং একটি নির্দিষ্ট HAB এর ঘটনার প্রতিক্রিয়ায় পানির তত্ত্বাবধায়কদের কর্তৃক গৃহীত প্রতিক্রিয়ার জন্য অর্থায়ন অন্তর্ভুক্ত নয়।

যখন HAB এর কথা আসে, তখন DEC নিউ ইয়র্কবাসীদের উৎসাহ দেয় "সেটা জানতে", "এড়িয়ে চলতে", "রিপোর্ট করতে"। সেটা জানতে - HAB এর চেহারায় তারতম্য থাকে, জলে বিক্ষিপ্ত সবুজ বিন্দু থেকে, লম্বা, রৈখিক সবুজ টান, মটরের স্যুপ বা ছড়িয়ে পড়া সবুজ রং, নীলচে-সবুজ বা সাদা বর্ণের। এড়িয়ে চলতে - মানুষ, পোষা প্রাণী এবং গবাদি পশু সেই পানির সাথে যোগাযোগ এড়িয়ে চলা উচিত যার রঙ চটে গেছে বা যার পৃষ্ঠের উপর শ্যাওলার স্কাম রয়েছে। রিপোর্ট করতে - যদি জনগনের সদস্যরা কোন HAB বলে সন্দেহ করেন তাহলে DEC-র ওয়েবসাইটে পাওয়া NYHAB এর অনলাইন রিপোর্টিং ফর্মের মাধ্যমে তা রিপোর্ট করুন। HAB সম্পর্কিত উপসর্গ বা স্বাস্থ্য উদ্বেগ harmfulalgae@health.ny.gov এ DOH এর কাছে রিপোর্ট করা উচিত।

যদিও HAB এর কারণ পুরোপুরি বোঝা যায় না, HAB সাধারণত বেশি মাত্রায় ফসফরাস এবং/অথবা নাইট্রোজেন থাকা পানিতে পাওয়া যায়। নিউ ইয়র্ক স্টেটে অনেক প্রোগ্রাম এবং কার্যক্রম ও ক্রিয়াকলাপ আছে ফসফরাস এবং নাইট্রোজেন পার্শ্ববর্তী জমি থেকে পানিতে প্রবেশ করা কমানোর জন্য, স্টর্মওয়াটার অনুমোদন প্রোগ্রাম, পানির মানের উন্নতি প্রকল্পের জন্য অর্থায়ন, এবং একটি পুষ্টি আইন যা ফসফরাস পূর্ণ লনের সারের ব্যবহার সীমিত করে।

নিউ ইয়র্ক স্টেটের HAB এর কার্যক্রম সারা রাজ্যে অংশীদারদের সাথে কাজ করে HAB-কে চিহ্নিত, ট্র্যাক এবং রিপোর্ট করতে সারা রাজ্য জুড়ে, এবং জনসাধারণকে স্বাস্থ্যের ঝুঁকি সম্পর্কে অবগত করতে। এই বসন্তে, DEC একটি নতুন NYHABS রিপোর্টিং সিস্টেমচালু করেছে যা সরকারী এবং প্রশিক্ষিত শ্যাওলা ফোটার নমুনা সংগ্রহকারীদের একটি সহজ, ব্যবহারকারী-এবং মোবাইল ফোন অনুকূল ফর্মের মাধ্যমে HAB এর রিপোর্ট DEC-কে বৈদ্যুতিনভাবে পাঠাতে দেয়। DEC ও DOH এই প্রতিবেদনগুলির মূল্যায়ন করার পরে NYHABS এর পৃষ্ঠাতে পোস্ট করা হয়।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন